

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২৪-৩৮০

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

৫ম নিয়োগ বিজ্ঞপ্তি-২০২৪ এর আওতায় ৮২ জন প্রার্থীকে নিয়োগ সুপারিশের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৫ম নিয়োগ বিজ্ঞপ্তি-২০২৪ এর আওতায় ৮২ জন প্রার্থীকে পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন সাপেক্ষে প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানে নিয়োগ সুপারিশ করা হলো। সুপারিশপ্রাপ্ত প্রার্থী এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে SMS যোগে অবহিত করা হয়েছে। নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণকে এনটিআরসিএ'র ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ৫ম নিয়োগ বিজ্ঞপ্তি-২০২৪ নামক সেবাবক্সে অথবা <http://ngi.teletalk.com.bd> সাইটে প্রবেশ করে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড দ্বারা লগইন করে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোডপূর্বক সুপারিশপত্রে বর্ণিত প্রতিষ্ঠানে ০২ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। প্রতিষ্ঠান প্রধানগণও তাদের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোড করতে পারবেন। সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণকে প্রতিষ্ঠানে যোগদানের পরে পুলিশ ভেরিফিকেশন ফরম (ভি-রোল ফরম) এনটিআরসিএ-এর ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক যথাযথভাবে পূরণ করে office@ntrca.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। কোন প্রার্থী ভি-রোল ফরম যথাসময়ে দাখিল না করলে তার নিয়োগ সুপারিশ বাতিল বলে গণ্য হবে।

৩৭/৩/এ/২৪

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১.